

“শিক্ষা নিয়ে গড়বো দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”



রেজিস্ট্রার কার্যালয়  
জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
ঢাকা-১১০০, বাংলাদেশ।  
ফোন : (+৮৮০-২) ৯৫৩৪২৫৫  
ফ্যাক্স : (+৮৮০-২) ৪৭১১৮৪৪৯

জবি/প্রশা/ভর্তি:২০২২-২৩/২৭৪৭

তারিখ: ০৬ ডিসেম্বর ২০২৩

## বিজ্ঞপ্তি


ভর্তি সংক্রান্ত ওয়েবসাইট- [www.jnu.ac.bd](http://www.jnu.ac.bd), <https://admission.jnu.ac.bd>

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানাচ্ছি যে, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ২০২২-২৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষে প্রাথমিক ভর্তি সম্পন্ন করত: অটো মাইগ্রেশন করে GST গুচ্ছভুক্ত অন্য বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়া শিক্ষার্থীদের মধ্যে যারা এখনও SSC ও HSC পরীক্ষার মূল নম্বরপত্র উঠিয়ে নেয়নি তারা আগামী ০৯ ডিসেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত (শুক্রবার ব্যতীত) সকাল ১০.০০টা হতে বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে সংশ্লিষ্ট ডীন অফিসে এসে Receipt for submitted original documents (Applicants' copy) প্রদর্শন পূর্বক মূলকাগজ পত্র উঠিয়ে নিতে পারবে।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ২০২২-২৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষে চূড়ান্ত ভর্তি হয়ে অটো মাইগ্রেশন করে GST গুচ্ছভুক্ত অন্য বিশ্ববিদ্যালয়ে গিয়ে পুনরায় চূড়ান্ত ভর্তি হওয়া শিক্ষার্থীদের মধ্যে যারা এখনও অত্র বিশ্ববিদ্যালয়ে চূড়ান্ত ভর্তি ফিস বাবদ জমাকৃত টাকা ফেরৎ নেয়নি তাদেরকে আগামী ০৯ ডিসেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত (শুক্রবার ব্যতীত) সকাল ১০.০০টা হতে বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে সংশ্লিষ্ট ডীন অফিসে এসে ডীন বরাবর চূড়ান্ত ভর্তি ফিস জমা বাবদ পূর্বাপর বিশ্ববিদ্যালয় প্রদত্ত রশিদসহ আবেদন করতে হবে। উক্ত আবেদনে ব্যাংক একাউন্ট (স্পষ্ট ইংরেজি অক্ষরে একাউন্টের নাম, নম্বর, রাউটিং নম্বর, ব্যাংকের নাম ও শাখার ঠিকানা) উল্লেখ করতে হবে।

- ❖ ডীনবৃন্দ চূড়ান্ত ভর্তি ফিসের টাকা ফেরৎ চেয়ে দাখিলকৃত আবেদনসমূহ যাচাই-বাছাই করে প্রাপ্যতা সম্পর্কে প্রত্যয়ন প্রদানের জন্য পরিচালক (আইসিটি সেল)-এর নিকট প্রেরণ করবেন। পরিচালক (আইসিটি সেল) প্রয়োজ্য মতে প্রত্যয়ন প্রদান পূর্বক আবেদনসমূহ রেজিস্ট্রার বরাবর প্রেরণ করবেন, রেজিস্ট্রার তা পরিচালক (অর্থ ও হিসাব)-এর নিকট প্রেরণ করবেন। পরিচালক (অর্থ ও হিসাব) শিক্ষার্থী প্রদত্ত ব্যাংক একাউন্টে টাকা ফেরৎ দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে,

  
(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)


রেজিস্ট্রার

তারিখ: ০৬ ডিসেম্বর ২০২৩

জবি/প্রশা/ভর্তি:২০২২-২৩/২৭৪৭

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

১. ডীন, সকল অনুষদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
২. পরিচালক, সকল ইনস্টিটিউট, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৩. চেয়ারম্যান, সকল বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৪. পরিচালক (অর্থ ও হিসাব), জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (আবেদন মোতাবেক টাকা ফেরৎ দেওয়ার অনুরোধসহ);
৫. পরিচালক (আইসিটি সেল), জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (আবেদনকারীর প্রাপ্যতার তথ্য প্রদান ও বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৬. পিএস টু ভিসি, উপাচার্য দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য);
৭. উপ-পরিচালক (অডিট), ট্রেজারার দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য);
৮. অফিস/সংরক্ষণ নথি।

  
০৬.১২.২০২৩

(মোঃ আল হেলাল উদ্দিন)

ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)